

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৮৯৯

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৪. দ্বিতীয় অনুচ্ছেদ - সিজদা্ ও তার মর্যাদা

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِذَا سَجَدَ أَحَدُكُمْ فَلَا يَبْرُكْ كَمَا يبرك الْبَعِير وليضع يَدَيْهِ قَبْلَ رُكْبَتَيْهِ» . رَوَاهُ أَبُو دَاوُدَ وَالنَّسَائِيُّ. وَالدَّارِمِيُّ قَالَ أَبُو سُلَيْمَانَ الْخَطَّابِيُّ: حَدِيثُ وَائِلِ بْنِ حُجْرٍ أَثْبَتُ مِنْ هَذَا وَقِيلَ: هَذَا مَنْسُوخ

বাংলা

৮৯৯-[১৩] আবৃ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমাদের কেউ সিজদা্ (সিজদা/সেজদা) করার সময় যেন উটের বসার মতো না বসে, বরং দু' হাত যেন হাঁটুর আগে মাটিতে রাখে। (আবৃ দাউদ, নাসায়ী ও দারিমী)[1]

আবূ সুলায়মান খাত্ত্বাবী বলেন, এ হাদীসের চেয়ে ওয়ায়িল-এর আগের হাদীসটি বেশী মজবুত। কেউ কেউ বলেন, এ হাদীসটি মানসূখ বা রহিত।

ফুটনোট

[1] সহীহ : আবূ দাউদ ৮৪০, নাসায়ী ১০৯১, দারিমী ১৩৬০, সহীহ আল জামি' ৫৯৫।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (فَلَا يَبْرُكُ كُمَا يَبْرُكُ الْبَعِيْرُ) উট যেভাবে বসে সেভাবে যেন না বসে, অর্থাৎ- হাতের পূর্বে যে হাঁটু না রাখে যেরূপ উট বসে।

(وَلْيَضَعْ يَدَيْهِ قَبْلَ رُكْبَتَيْهِ) शँটুর আগে হাত মাটিতে রাখবে। উটের মতো যেন না বসে। হাত যেন পূর্বে মাটিতে রাখে তারপর হাঁটু।



হাদীসটি প্রমাণ করে হাঁটুর পূর্বে হাতকে মাটিতে রাখা ভালো বা মুস্তাহাব।

আওযা'ঈ বলেনঃ আমি মানুষদেরকে পেয়েছি তারা হাঁটুর পূর্বে হাত মাটিতে রাখে এবং এটা আহমাদ-এর রিওয়ায়াতে বর্ণিত।

অনুরূপ আরো হাদীস এসেছে যা ইবনু খুযায়মাহ্ সংকলন করেছেন এবং সহীহ বলেছেন, দারাকুত্বনী হাকিম, 'আবদুল্লাহ ইবনু 'উমার (রাঃ)-এর হাদীস বর্ণনা করেছেন। তিনি বলেন, ''নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন সিজদা (সিজদা/সেজদা) করতেন তখন হাঁটুর পূর্বে হাত মাটিতে রাখতেন।''

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন